

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ আহল বাইত, সাহাবী-তাবিয়ী ও উম্মাত রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. আলী (রা) কে দরবেশী খিরকা প্রদান

প্রচলিত একটি গল্পে বলা হয়েছে: "রাসূলুল্লাহ (ﷺ) মি'রাজ থেকে ফিরে আসার পরে নিজের সাহাবা (রা)-দেরকে ডেকে এরশাদ করলেন যে, আমার দরবেশী খিরকা ঐ ব্যক্তিকে প্রদান করবো যে আমার প্রশ্নের সঠিক উত্তর দিতে পারবে... আবূ বাকর (রা)-কে বললেন, যদি আমি তোমাকেই এ দরবেশী খিরকা দান করি তাহলে তুমি এর হক কিভাবে আদায় করবে? ... এভাবে উমার (রা) কে জিজ্ঞাসা করলেন ... উসমান (রা)-কে জিজ্ঞাসা করলেন...। এরপর আলী (রা)-কে প্রশ্ন করলেন। আলী (রা) উত্তরে বলেন, আমি আল্লাহর বান্দাদের গোপনীয়তা রক্ষা করব। তখন তিনি আলীকেই খিরকা প্রদান করেন..." ইত্যাদি। পুরো কাহিনীটিই ভিত্তিহীন বানোয়াট।

ফুটনোট

[1] হযরত খাজা নিজামউদ্দীন আউলিয়া, রাহাতিল কুলূব, পৃ. ৮-৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4851

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন